১৪

দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 FEB 1996
পৃষ্ঠা ১২ কলাম ৭

একুশে পদক বিতরণী অনুষ্ঠান

# একমাত্র গণতান্ত্রিক পরিবেশেই মেধা ও মননের বিকাশ সম্ভব ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া অনুকূল গণতান্ত্রিক পরিবেশে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলায় মেধা কাজে লাগানোর জন্য পন্ডিতদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত হয়েছে। খবর ইউএনবি'র।

সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক বিতরণী অনুষ্ঠানে তিনি বলেন, 'আমরা মনে করি, একমাত্র গণতান্ত্রিক পরিবেশেই মেধা ও মননের বিকাশ সম্ভব।'

নিজস্ব ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ৮ জনকে ১৯৯৫ সালের একুশে পদক দেয়া হয়। পদকপ্রাপ্তরা হচ্ছেন- আহমদ রফিক (সাহিত্য), রওশন জামিল (নৃত্য), মোস্তফা জামান আব্বাসী ও রথীন্দ্রনাথ রায় (সঙ্গীত), ডঃ আবদুল করিম ও অধ্যাপক ইয়াজ উদ্দিন আহমেদ (শিক্ষা) এবং শহীদ নিজামউদ্দিন (মরণোত্তর) ও শাইখ সিরাজ (সাংবাদিকতা)।

শহীদ সাংবাদিক নিজামউদ্দিনের পুত্র শাফকাত নিজাম তাঁর বাবার পদক এবং মোস্তফা জামান আব্বাসীর স্ত্রী আসমা আব্বাসী তাঁর স্বামীর অনুপস্থিতিতে পদক গ্রহণ করেন। প্রত্যেককেই একটি স্বর্ণের পদক, ২০ হাজার টাকা ও সনদপত্র দেয়া হয়। ১৯৭৬ সালে এই পদক প্রবর্তন করা হয়।

বেগম জিয়া বলেন, ভবিষ্যতে জাতিকে শিল্পকলা থেকে শুরু করে সাহিত্য, সংস্কৃতি ও উৎপাদন এবং উন্নয়ন ও প্রযুক্তিসহ প্রতিটি ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হতে হবে।

ভাষা শহীদদের আত্মত্যাগের কথা স্মরণ করে বেগম জিয়া বলেন, একুশে ফেব্রুয়ারির সাথে এই পদকের সম্পর্ক রয়েছে। জনগণ তাদের হৃদয়ে এই মহান দিনটিকে লালন করে বলে একুশে ফেব্রুয়ারি বাংলাদেশের জনগণের কাছে একটি গুরুত্বপূর্ণ দিন।

অনুষ্ঠান পরিচালনা করেন কেবিনেট সচিব আয়ুবুর রহমান। মন্ত্রীবর্গ, তিন বাহিনীর প্রধানগণ, কূটনীতিক ও বিশিষ্ট ব্যক্তিগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।